

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 29-06-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM JAY scheme :

মুখ্যমন্ত্রী জন আরোগ্য প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যে ১ লক্ষ ৯০ হাজার ৬৪৫ পরিবারের ৪ লক্ষ ২১ হাজার ৭২৭ জনকে আয়ুত্মান কার্ড দেওয়া হয়েছে। গতকাল স্টেট হেলথ এজেন্সি , টিএইচপিএস জানিয়েছে, এই প্রকল্পে সমস্ত তালিকাভুক্ত হাসপাতালে বছরে ৫ লক্ষ টাকার বিনামূল্যে চিকিৎসা পরিষেবার সুযোগ পাওয়া যাবে। এই প্রকল্পে এখন পর্যন্ত ৬ হাজার ৮৭৩ জন রোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা গ্রহন করেছেন। এজন্য ৭ কোটি ৯৯ লক্ষ ৫৩ হাজার ৭১৫ টাকা খরচ হয়েছে। উল্লেখ্য, গত ১৫ ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা মুখ্যমন্ত্রী জন আরোগ্য প্রকল্পের সূচনা করেছিলেন।

Statistic Day national :

আজ দেশেও পরিসংখ্যান দিবস পালন করা হচ্ছে । মূল অনুষ্ঠানটি নয়াদিল্লির ক্যান্টনমেন্টের মানেকশ সেন্টারে আয়োজিত হচ্ছে। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ষোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান ডঃ অরবিন্দ পানাগারিয়া। জাতীয় পরিসংখ্যান কমিশনের (এনএসসি) চেয়ারম্যান অধ্যাপক ডঃ রাজীব লক্ষ্মণ কারান্দিকর এবং পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রকের সচিব ডঃ সৌরভ গর্গও অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বক্তব্য রাখবেন। এছাড়াও, পদস্থ আধিকারিক, বিশ্ব ব্যাঙ্কের মতো আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি এবং অন্যান্যরাও এই অনুষ্ঠানে অংশ নেবেন।

Statistics day :

এদিকে, আজ রাজ্যেও পরিসংখ্যান দিবস পালন করা হবে। সকাল ১১ টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পরিসংখ্যান দিবসের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা। উল্লেখ্য, পরিসংখ্যান ও অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রে অধ্যাপক (প্রয়াত) প্রশান্তচন্দ্র মহলানবিশের উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ, তাঁর জন্মবার্ষিকীকে "পরিসংখ্যান দিবস" হিসাবে পালন করা হয়।

DM West-Rath Yatra:

আসন্ন রথ যাত্রায় একগুচ্ছ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে পশ্চিম জেলা প্রশাসন। পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার গতকাল আগরতলায় সাংবাদিকদের জানান, আগামী ৭ থেকে ১৬ জুলাই পর্যন্ত রথযাত্রা উৎসব পালিত হবে রাজ্যে। আগরতলায় মূলত ছয়টি সংস্থা রথযাত্রায় অংশ নেবে। এরমধ্যে জগন্নাথবাড়ি থেকে মূল রথযাত্রা বের হবে। তিনি জানান, গত বছরের কুমারঘাট রথযাত্রা উৎসবে মর্মান্তিক দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে এবছর বেশ কিছু সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবার রথ উৎসবে রথের উচ্চতা পাঁচ মিটারের বেশি রাখা যাবে না। রথ বের হওয়ার আগে বিদ্যুৎ নিগম বিদ্যুতের তার সঠিক উচ্চতায় আছে কিনা তা দেখবে।

Maan Ki Baat :

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী কাল আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন।

Beti Banchao Beti Padao :

উত্তর জেলায় বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে অনলাইন স্মার্ট ক্লাস বিদ্যার্পণ গতকাল থেকে চালু করা হয়েছে। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য এই অনলাইন ক্লাস চালু করা হয়। জেলাশাসক দেবপ্রিয় বর্ধন এই স্মার্ট ক্লাসের উদ্বোধন করেন।

Dipak Majumder :

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার গতকাল এম বি টিলা বাজারের সৌন্দর্যায়ন কাজকর্ম পরিদর্শন করেন। মেয়র বলেন চলতি অর্থবছরেই সৌন্দর্যায়নের কাজ শেষ হবে। মেয়রের সঙ্গে উপস্থিত ছিলেন পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব সহ অন্যান্য আধিকারিকরা।

Drug Seize :

উত্তর জেলা পুলিশ সুপারের নেতৃত্বে গতকাল সন্ধ্যায় পুলিশ ধর্মনগর-বাগবাসা সড়কের রেল গেইট এলাকা থেকে আঠারো হাজার ইয়াবা ট্যাবলেট সহ দুই পাচারকারীকে আটক করেছে। জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানান, উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেট গুলোর কালোবাজারি মূল্য আনুমানিক নব্বই লক্ষ টাকা। আজ ধৃতদের ধর্মনগর জেলা ও দায়রা আদালতে পেশ করা হবে।

GRP :

আগরতলা রেল স্টেশনে গাঁজা সহ ধরা পড়েছে বিহারের এক ব্যক্তি। আগরতলা জিআরপি ও আরপিএফ থানার যৌথ অভিযানে গতকাল

সন্ধ্যায় ধৃত ব্যক্তির কাছে ২২ কিলো গাঁজা উদ্ধার করা হয়। আগরতলা জিআরপি থানার ওসি তাপস দাস আজ জানিয়েছেন, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে NDPS আইনে মামলা নেওয়া হয়েছে। তাকে আজ আদালতে হাজির করা হবে।

State wise cricket

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপ থেকে সোনামুড়ার অবনমন হয়েছে। গতকাল ধর্মনগরে অবনমনের গুরুত্বপূর্ণ ম্যাচে কৈলাসহর ১০ রানে সোনামুড়াকে পরাজিত করে। এদিকে সিনিয়র প্লেট গ্রুপের ফাইন্যাল ম্যাচটি গতকাল পরিত্যক্ত হয়। তেলিয়ামুড়া ও আমবাসার মধ্যে মেলাঘরে এই ম্যাচটি আজ হবে।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, রাজ্যে আকাশ প্রধানত মেঘলা থাকবে। বিভিন্ন এলাকায় বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১২ মিলিমিটার।
